



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/গোপ/মাধ্য/পনি-৮৪

তারিখ : ১৮ জানুয়ারি ২০১৭

**বিষয় :** এসএসসি পরীক্ষা ২০১৭ এর শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০১৭ এর অংশগ্রহণকারী সকল নিয়মিত পরীক্ষার্থী ও অনিয়মিত পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা এনসিটিবি এর পাঠ্যসূচি অনুসারে নিজ নিজ প্রতিষ্ঠান সম্পন্ন করবেন এবং পরীক্ষায় প্রাপ্ত নম্বর প্রতিষ্ঠান প্রধান গোপনীয়ভাবে সংরক্ষণ করবেন। প্রবেশপত্র পাওয়ার পরে পরীক্ষায় চূড়ান্তভাবে অংশগ্রহণকৃত পরীক্ষার্থীদের নাম, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর গালাসীলযুক্ত খামে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করবেন। তত্ত্বীয় পরীক্ষা শেষে কেন্দ্র সচিব অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এর সাথে বর্ণিত বিষয়ের প্রাপ্ত নম্বর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে শিক্ষা বোর্ডে প্রেরণ করবেন এবং হার্ডকপিসহ সরবরাহকৃত ফরম-A, ফরম-B ও ফরম-C পূরণ করে হাতে হাতে রাজশাহী শিক্ষা বোর্ডের স্ক্রিপ্ট শাখায় জমা দিতে হবে।

**বিশেষ দৃষ্টব্য :** শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাজিরাপত্র অন্যান্য ব্যবহারিক বিষয়ের হাজিরাপত্রের সঙ্গে বোর্ডে জমা দিতে হবে।

প্রফেসর তরুণ কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

☎ ০৭২১-৭৭৬২৩১

**প্রয়োজনে যোগাযোগ**

মো. খোরশেদ আলম, সহ-পরীক্ষা নিয়ন্ত্রক

০৭২১-৭৭৬৩৭৩, ০১৭১৩-৭৯৩১৩২

মো. জহিরুল হক, প্রশাসনিক কর্মকর্তা

০১৭১০-৯৬৮৩৬০

**প্রাপক**

১. কেন্দ্র সচিব, এসএসসি পরীক্ষা কেন্দ্র ২০১৭

(কেন্দ্র সচিবগণ তাঁর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে পত্রে আলোচ্য বিষয় যথাযথভাবে অবহিত করবেন)।

২. প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী-এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান